দৈনিক ইনকিলাব

তারিখ 09 NOV 1986
পৃষ্ঠা ৮ কলাম ১

0 5

## উপজেলা পরিক্রমা

# ঘাটাইল

॥আবুল হোসেন॥

টাঙ্গাইল জেলা শহর হতে ১৮ মাইল উত্তরে টাঙ্গাইল-ময়মনসিংহ সড়কের পাশে ঘাটাইল উপজেলা। এ উপজেলার উত্তরে গোপালপুর ও মধুপুর উপজেলা, দক্ষিণে কালিহাতী উপজেলা, পূর্বে ময়মনসিংহ জেলার ফুলবাড়ীয়া ও ভালুকা এবং পশ্চিমে গোপালপুর ও ভূয়াপুর উপজেলা।

এই উপজেলার আয়তন ৭৪ বর্গমাইল এবং লোকসংখ্যা ২ লাখ ৬৬ হাজার ৮১ জন। উপজেলার ১১টি ইউনিয়ন পরিষদ আছে।

### উৎপন্ন দ্রব্য

ধান, পাট, গম ও নানা প্রকার রবিশস্য ঘাটাইলে উৎপাদিত হয়। পাহাড়িয়া অঞ্চলে প্রচুর কাঠ জন্মে।

### শিক্ষা প্রতিষ্ঠান

এই উপজেলায় ১টি মহাবিদ্যালয়, ৫টি বালিকা বিদ্যালয় ও ১৫টি উচ্চ বিদ্যালয় ও ৪টি জুনিয়র বালিকা বিদ্যালয়সহ ১০টি জুনিয়র উচ্চ বিদ্যালয় ও ১০০টি সরকারী প্রাথমিক বিদ্যালয় আছে।

### যাতায়াত

মোটর-বাসযোগে ময়মনসিংহ, টাঙ্গাইল, ঢাকা, জামালপুর সারিষাবাড়ী হয়ে অন্যস্থানে যাতায়াত করা যায়। এই উপজেলায় যাতায়াতের তেমন সুবিধা নেই।

### ভূমি প্রকৃতি

পূর্বদিকের ভূমি পাহাড়িয়া এঁটেল, পশ্চিমে কতকটা বালুমাটির জমি। এছাড়া, অন্যসব স্থানের ভূমি এঁটেল প্রকৃতির।

### হাট-বাজার

এ উপজেলায় হাট-বাজারের সংখ্যা ৪২টি। এগুলোর দীর্ঘদিন সংস্কারের অভাবে জনসাধারণ দুর্ভোগ পোহাতে হচ্ছে। এই সব হাট-বাজারের প্রস্রাব পায়খানা ও বিশুদ্ধ খাবার পানির সংকট রয়েছে।

### টেলিফোন

এখানে একটি টেলিফোন একচেঞ্জ আছে। জেলা সদরসহ দেশের বিভিন্ন স্থানে যোগাযোগের ব্যবস্থা রয়েছে।